



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৫.০৪.২০১৭ খ্রি:

নববর্ষকে বরণ করে নিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য কর্মসূচি গ্রহন

বাংলা নববর্ষ ১৪২৪ কে বরণ করে নিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে বর্ণাঢ্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে। নববর্ষ উদযাপন উপলক্ষে ১ লা বৈশাখ ১৪২৪ সকাল ৯ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের নেতৃত্বে থাকছে এক বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা। প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে মঙ্গল শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয়ের মুক্তক্ষেত্র এগিয়ে শেষ হবে। র্যালির প্রারম্ভে শিক্ষার্থীদের জন্য থাকছে বাঙ্গালীর চিরাচরিত ঐতিহ্যের ধারক ও বাহক হিসেবে মুড়ি মুড়কীর প্যাকেটের ব্যবস্থা। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে থাকবে দিনব্যাপী বৈশাখী মেলা, যাতে ফুটিয়ে তোলা হবে আবহমান বাংলার লোকজ ও গ্রামীণ সংস্কৃতির ঐতিহ্যকে। এছাড়া থাকছে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সাংস্কৃতিক সংগঠনের আয়োজনে সকাল ১০ টা থেকে ১২ টা ও দুপুর ২ টা থেকে ৫টা পর্যন্ত বিভিন্ন বিভাগের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। একই সাথে গত বছরের ন্যায় এ বছরও বরিশাল বিশ্ববিদ্যালয়ের বর্ষবরণ উৎসবে পান্তা ইলিশের কোন আয়োজন থাকছে না। উল্লেখ্য গত বছর বাংলা নববর্ষ ১৪২৩ উদযাপনের পূর্বে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক প্রথমবারের মত বর্ষবরণ উৎসবে পান্তা ইলিশকে বর্জনের যে ঘোষণা দিয়েছিলেন তা সারাদেশে ব্যাপক আলোড়ন তৈরি করেছিল।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)